



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

হাজী মুহাম্মদ মহসিন সরকারি উচ্চ বিদ্যালয়

কোতোয়ালী, চট্টগ্রাম।

ফোন-০৩১-৬১৬৬৬৯, মোবাইল-০১৮৪১-৩১৩৫১৭

Web: www.hmmghs.edu.bd, Email: govthmmschoolctg@gmail.com

স্মারক:

তারিখ: ১৮/১২/২০২৪খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

(লটারীর মাধ্যমে 1st Result List-এ নির্বাচিত ছাত্রদের জন্য প্রয়োজ্য)

এতদ্বারা অত্র বিদ্যালয়ে ২০২৫ সেশনে ৫ম শ্রেণিতে ভর্তির জন্য লটারীর মাধ্যমে 1st Result List-এ নির্বাচিত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের জানানো যাচ্ছে যে, নির্বাচিত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত তারিখ অনুযায়ী ভর্তি করা হবে। কোন অবস্থাতেই শিফট পরিবর্তন করা যাবে না।

**** ভর্তির তারিখ ও নির্দেশাবলী:**

১। ভর্তির তারিখ- ১৮/১২/২০২৪ খ্রি., ১৯/১২/২০২৪ খ্রি., ২২/১২/২০২৪ খ্রি., ২৩/১২/২০২৪ খ্রি. ও ২৪/১২/২০২৪ খ্রি.।

২। ভর্তির সময়: সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।

৩। কক্ষ নং- প্রাত শাখা- ২০১ ও দিবা শাখা- ২০২ (একাডেমিক ভবন-১)

৪। ভর্তি ফি:

শ্রেণি	সরকারি	বেসরকারি বিভিন্ন খাত	সর্বমোট	মন্তব্য
৫ম	৩২/-	১৫৫০/-	১৫৮২/-	সমপরিমাণ ভাংতি টাকা নিয়ে আসতে হবে।

৫। ভর্তির সময় শিক্ষার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। শিক্ষার্থীর সাথে প্রকৃত পিতা/মাতাকে অবশ্যই আসতে হবে।

**** প্রয়োজনীয় কাগজপত্র:**

ক) বিদ্যালয়ের ছাড়পত্রের (TC) মূলকপি।

খ) অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি (মূলকপি প্রদর্শন করতে হবে) ও QR কোড যুক্ত অনলাইন ভেরিফাইড কপি।

(অনলাইন জন্মনিবন্ধন সনদের নম্বর ও ফলাফলে প্রদর্শিত নিবন্ধন নম্বরের সাথে মিল থাকতে হবে। কোন প্রকার ঘষা-মাজা/কাটাছেড়া কপি প্রহণযোগ্য নয়)।

গ) আবেদনপত্রের মূলকপি ও লটারীতে নির্বাচিত হওয়ার অনলাইন কপি।

ঘ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (মূলকপি দেখাতে হবে)।

ঙ) ছবি: ২ কপি (পাসপোর্ট সাইজ-ব্যাংকআউন্ড সাদা হতে হবে)

**** কোটায় নির্বাচিতদের জন্য প্রয়োজ্য:**

ক) কোটায় নির্বাচিতদেরকে জেলা প্রশাসন, চট্টগ্রাম এর অনুমোদন সাপেক্ষে ভর্তি করা হবে।

খ) কোটায় নির্বাচিতদের কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই এর তারিখ, সময় ও স্থান:

তারিখ ও বার	সময়	স্থান
২২/১২/২০২৪ খ্রি. রবিবার	সকাল ১০টা হতে ৪টা পর্যন্ত	জেলা প্রশাসকের কার্যালয়, শিক্ষা শাখা, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম।

গ) কোটায় নির্বাচিতদের ভর্তির তারিখ: ২৩/১২/২০২৪ খ্রি. ও ২৪/১২/২৪ খ্রি. সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।

ঘ) কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময় কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের ১ সেট ফটোকপি বিদ্যালয়ে জমা দিতে হবে।

**** বিদ্যালয়ের ইউনিফর্ম:**

প্রাত: শাখা	দিবা শাখা
নেভি ব্লু প্যান্ট, আকাশী শার্ট ও ব্ল্যাক সু	নেভি ব্লু প্যান্ট, সাদা শার্ট ও ব্ল্যাক সু

১৮/১২/২০২৪

মুহাম্মদ নুরুল আমিন

প্রধান শিক্ষক

হাজী মুহাম্মদ মহসিন সরকারি উচ্চ বিদ্যালয়

বিভিন্ন কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা :

কোটার নাম	প্রয়োজনীয় কাগজপত্র
মুক্তিযোদ্ধা কোটা	১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সর্বশেষ ইস্যুকৃত সনদপত্র; ২. লাল মুক্তিবাহী তালিকা; ৩. ভারতীয় তালিকা ৪. মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ; ৫. গেজেট ৬. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাময়িক সনদ এর মধ্যে যে কোন দুইটি (মূল ও ফটোকপি) ৭. মুক্তিযোদ্ধার সন্তান প্রমাণের ক্ষেত্রে উপরে বর্ণিত কাগজপত্রসহ (ক) এসএসসি সনদ, (খ) জাতীয় পরিচয়পত্র, (গ) জন্ম নিবন্ধন সনদ, (ঘ) ওয়ারিশ সনদ।
প্রতিবন্ধী কোটা	প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে - ১. সুবর্ণ নাগরিক কার্ড। ২. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত সনদ/প্রতিবন্ধী আইডি কার্ড (ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ইস্যুকৃত)। ৩. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ।
শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের কোটা	সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা/কর্মচারী সন্তান কোটা প্রমাণের ক্ষেত্রে ১. শিক্ষার্থীর পিতা-মাতা কর্মরত অফিস প্রধান/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র। ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ।
সরকারি প্রাথমিক বিদ্যালয় কোটা (৬ষ্ঠ শ্রেণি)	সরকারি প্রাথমিক বিদ্যালয় কোটা প্রমাণের ক্ষেত্রে ১. ৫ম শ্রেণি উত্তীর্ণ হয়েছে মর্মে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যয়নপত্র/সনদ পত্র/ প্রশংসা পত্র (মূল ও ফটোকপি)। ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ।
সহোদর/সহোদরা কোটা	১. যে বিদ্যালয়ের জন্য নির্বাচিত হয়েছেন উক্ত প্রতিষ্ঠানে অধ্যয়নরত সহোদর/সহোদরা'র তথ্য ২. প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

বি:দ্র: ১) সকল ক্ষেত্রে শিক্ষার্থী ভর্তির আবেদন প্রিন্ট কপি।

২) প্রতিবন্ধী কোটার ভর্তিছু শিক্ষার্থীর উপস্থিতি বাধ্যতামূলক।